

বিশেষ বিজ্ঞপ্তি

সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন দেশের জনগনের মধ্যে ব্যাপকভাবে নোবেল করোনা ভাইরাস সংক্রমিত হচ্ছে এবং এই সংক্রমন উত্তরোত্তর বৃদ্ধি পেয়েই চলছে, এমন কি নোবেল করোনা ভাইরাসের প্রকোপে বহু জীবনহানিও ঘটে চলেছে। সংবাদ সূত্রে প্রকাশ যে, ভারতেও এই ভাইরাসে বিভিন্ন রাজ্যে শতাধিক মানুষ আক্রান্ত এবং এ পর্যন্ত ৬(ছয়) জনের মৃত্যুও ঘটেছে। ইতিপূর্বে বিশ্ব স্বাস্থ্য সংস্থা মানবদেহে করোনা ভাইরাসের সংক্রমন এবং তৎ-পরিপ্রেক্ষিতে মৃত্যুকে মহামারী বলেও আখ্যায়িত করেছে। ভারত সরকার ও ত্রিপুরা সরকার জনগনের সুরক্ষায় নোবেল করোনা ভাইরাস প্রতিরোধে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করে চলেছে।

এই পরিপ্রেক্ষিতে ত্রিপুরা রাজ্যের সমস্ত কল-কারখানার মালিক ও ম্যানেজারগনকে অনুরোধ করা যাচ্ছে যে, উনাদের নিজের এবং কারখানায় কর্মরত শ্রমিকগনের স্বাস্থ্য সুরক্ষায় মারণাত্মক এই ভাইরাস প্রতিরোধে কারখানায় নিম্নোক্ত পদক্ষেপ গুলি অবশ্যই গ্রহন করুন :-

- ১। কারখানার মূল ফটকে হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা রাখুন এবং সকলকে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহারের পরেই কারখানার ভেতরে প্রবেশ করতে দিন।
- ২। কারখানার ভেতরেও হাত ধোয়ার জন্য জল ও সাবানের ব্যবস্থা অবশ্যই রাখুন।
- ৩। কাজের সময় বা কথা বলার সময় নিজেদের মধ্যে সম্ভাব্য দূরত্ব বজায় রাখুন।
- ৪। করমর্দন করা থেকে সবাইকে বিরত থাকতে বলুন।
- ৫। কারখানায় সকলে ফেস্ মাস্ক ব্যবহার করুন।
- ৬। সকল শ্রমিকগনকে কোনো স্থানে অযথা একত্রিত হতে দেবেন না।
- ৭। লক্ষ্য রাখবেন করোনা ভাইরাস নিয়ে যেন কোনো গুজব না ছড়ায়।
- ৮। হাত না ধুয়ে নাক, মুখ, চোখ ইত্যাদি স্পর্শ করা থেকে সবাইকে বিরত থাকতে বলুন।
- ৯। কারখানায় যদি কেউ জ্বর, সর্দি, কাশি বা শ্বাসকষ্ট বোধ করেন বা এমন অসুস্থতা নিয়ে কারখানায় কাজে আসেন, তবে ওনাকে কাজ থেকে বিরত রেখে, সাথে সাথে স্টেট হেল্পলাইন ০৩৮১ - ২৩১৫৮৭৯ নম্বরে অবশ্যই যোগাযোগ করুন।

প্রত্যেককে এ ব্যাপারে সচেতন করে নোবেল করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ করতে হবে - কারণ, আপনার সুরক্ষাই দেশ ও জাতির সুরক্ষা।

নিবেদক,



ইঞ্জিঃ সজল চন্দ্র দাশ

চিফ্ ইন্সপেক্টর অব ফ্যাক্টরীজ্ এন্ড বয়লার্স্

ত্রিপুরা সরকার।